



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

-- বিজ্ঞপ্তি --

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ৭ম মেধা তালিকায় (মাদ্রাসা) শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত সময়সূচি ও নির্দেশিকা

ক্রঃ	বিবরণ	সময়সূচি
১.	অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ।	০৫-০৪-২০১৯, ০৬-০৪-২০১৯ ও ০৭-০৪-২০১৯ তারিখ
২.	অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য শিক্ষার্থীকে নিম্নোক্ত কাগজপত্র শিক্ষা শাখায় জমা দিতে হবে। (ক) অনলাইনে পূরণকৃত ফরমের প্রিন্ট কপি (খ) এস.এস.সি ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার মূল সনদপত্র এবং মার্কশীট/গ্রেডশীট (গ) অভিভাবকের মাসিক আয়ের সনদপত্র (ঘ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার/সিভিল সার্জন/রেজিস্টার্ড চিকিৎসক হতে সংগৃহীত সনদপত্র। প্রত্যেকটির ১ (এক) সেট সত্যায়িত কপি প্রিন্টকৃত ভর্তির আবেদন ফরমের সাথে সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি ও অনুষদের ডীন-এর মাধ্যমে রেজিস্ট্রার অফিসের শিক্ষা শাখায় জমা দিতে হবে।	০৮-০৪-২০১৯ তারিখ (সকাল ৮.৩০ থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত)

আবেদন করার নিয়মাবলি :

- ক) www.ju-admission.org ওয়েবসাইটে প্রকাশিত ভর্তির জন্য যোগ্য শিক্ষার্থীকে বিভাগ উন্নয়ন ফি সহ ভর্তির যাবতীয় ফি ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট থেকে অথবা এজেন্টের রকেট একাউন্ট থেকে ভর্তি সম্পর্কিত **Biller ID 343** তে জমা দিতে হবে।
- খ) এরপর ju-admission.org ওয়েবসাইট থেকে ভর্তি পরীক্ষার রোল নম্বর ও এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন নম্বর দিয়ে লগইন করে "অনলাইন আবেদন" মেনুতে ক্লিক করে উপরে প্রাপ্ত Transaction ID টি প্রদান করলে এবং Transaction ID সঠিক হলে অনলাইন আবেদন ফরম আসবে।
- গ) অনলাইন আবেদন ফরমের আনুষঙ্গিক তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করতে হবে এবং এস.এস.সি.ও এইচ.এস.সি/সমমান এর সত্যায়িত সনদপত্র/নম্বরপত্র, অভিভাবকের মাসিক আয়ের সনদপত্র, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার/সিভিল সার্জন/রেজিস্টার্ড চিকিৎসক হতে সংগৃহীত মেডিক্যাল সনদপত্র (সকল সনদপত্র **PDF/JPG** ফরম্যাটে এবং ফাইল সাইজ **৮০০ KB** এর বেশী নয়) স্ক্যান করে আপলোড করে **Submit** করতে হবে।
- ঘ) এরপর আবেদনটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যাচাই-বাছাই করবে এবং সকল তথ্য সঠিক থাকলে পরবর্তীতে আবেদনকারীর মোবাইলে এসএমএস-এর মাধ্যমে আবেদন ফরম ডাউনলোড করতে বলা হবে।
- পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড :**
- ঙ) ফরম ডাউনলোড করার এসএমএস পাবার পর ju-admission.org ওয়েবসাইট থেকে ভর্তি পরীক্ষার রোল নম্বর ও এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন নম্বর দিয়ে লগইন করে "আবেদন ফরম ডাউনলোড" মেনুতে ক্লিক করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড/প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

DBBL মোবাইল ব্যাংকিং রকেট-এর মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া নিম্নরূপঃ

- ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্টের মূল মেনুতে প্রবেশের জন্য *৩২২# ডায়াল করতে হবে।
- Bill Pay সিলেক্ট করতে হবে। তারপর Self সিলেক্ট করতে হবে।
- অতঃপর Other সিলেক্ট করতে হবে।
- Biller ID হিসেবে **343** টাইপ করতে হবে।
- Bill Number হিসেবে আবেদনকারীর ভর্তি পরীক্ষার রোল নম্বর টাইপ করতে হবে।
- Amount হিসেবে সংশ্লিষ্ট ইউনিট নিবন্ধন ফি টাইপ করতে হবে।
- এবার **রকেট** মোবাইল ব্যাংকিং পিন টাইপ করতে হবে।
- পেমেন্ট প্রক্রিয়া শেষ হলে আবেদনকারীর বা এজেন্টের মোবাইলে ফিরতি SMS এর মাধ্যমে একটি Transaction ID (Trx id) আসবে। ঐ Transaction ID টি সযত্নে সংরক্ষণ করতে হবে।

ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কিত ওয়েবসাইটে (www.ju-admission.org) প্রচার করা হবে।

এই বিজ্ঞপ্তিতে কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে পরবর্তীতে কর্তৃপক্ষ তা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষর/-মোঃ আবু হাসান
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং
সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি